# উপজেলা পরিষদ

## কোম্পানীগঞ্জ, সিলেট।

উপজেলা পরিষদের ৩১ তম সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার তারিখ ও সময়: ৩০/১১/২০২১ খ্রিস্টাব্দ, সকাল- ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য: পরিশিষ্ট 'ক' ও 'খ'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। বিগত ২১/১০/২০২১ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
অতঃপর বিভাগওয়ারি নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, ইতোমধ্যে রোপা আমন ধান কর্তন শুরু হয়েছে যা আগামী ১৫ দিনের মধ্যে কর্তন শেষ হবে বলে আশা করছি। এবার কৃষকদের সাথে কথা বলে জানা গেছে রোপা আমনের ফলন পেয়ে তারা খুশি। আবহাওয়া অনুকূলে থাকায় এবারও ফলন সন্তোষজনক হয়েছে। বর্তমানে রবি মৌসুমে বোরোর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৫৯৭০ হেক্টর, ভুট্টা ৬০ হে: সরিষা প্রায় ৫০০ হে:সহ অন্যান্য ফসল ও শীতকালীন সবজির যে লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে তা শতভাগ অর্জন হবে বলে আশা করা যায়। এবার প্রণোদনা ও পুনর্বাসনের আওতায় ২৭০০ জন কৃষকদের মাঝে ২ কেজি করে হাইব্রীড ধানের বীজ, উফশী ধানের বীজ ৬০০ কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে। সরিষা ৩৯০ জন কৃষক, ভূট্টা, মসুর, পেয়াজ বীজ ও গম বীজ সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। | উপজেলা কৃষি অফিসার কৃষকদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন এবং উপজেলাধীন অনাবাদী জমিগুলো আবাদের আওতায় আনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলাধীন এলজিইডি আওতায় আরএইডি (গৌরিনগর-হায়দরী বাজার-জিসি সড়ক (রোড আইডি-৬৯১২৭২০০৬) কোম্পানীগঞ্জ, সিলেট সড়কের (চেইনেজ ৫০০-২১০০) মি: উন্নয়নের জন্য দরপত্র আহবান করে ঠিকাদার নির্বাচিত করা হয়েছে। উক্ত রাস্তার উন্নয়নের জন্য অনুমোদিত অংশের চেইনেজ ৬৮০ মি:, চেইনেজ- ৯৬০ মি: এবং চেইনেজ ১৭০৬ মি: পুরাতন জরাজীর্ন ৩টি বক্স কালভার্ট রয়েছে। কালভার্ট ৩টি নতুনভাবে পুর্ননির্মানের জন্য জরুরী ভিত্তিতে অপসারণ করা প্রয়োজন। তাই পুরাতন জরাজীর্ন কালভার্ট ০৩টি নিলামের জন্য অপসারনের লক্ষে সরেজমিন পরিমান গ্রহণ পূর্বক উক্ত কালভার্ট ৩টি অপসারনের প্রাক্কলন ২৯,৫১২/_(উনত্রিশ হাজার পাচশত বার) টাকা ভাংগার খরচ ব্যতীত) প্রস্তাব করা হয়েছে। উক্ত প্রাক্কলনটি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>২। উপজেলা পরিষদ কমপ্লেক্স ধলাই ভবনের ইলেক্টনিক মেরামত ও নতুন পানির ট্যাংকি ক্রয়সহ স্থাপন ৩৪,২১০/-(চৌত্রিশ হাজার দুইশত দশ) টাকা এবং উপজেলা পরিষদ কমপ্লেক্সের দোলন চাপা ভবনের মটর ক্রয় ও পানির লাইন মেরামত বাবদ ৯৫৬০/-(নয় হাজার পাচশত ষাট) টাকা ব্যয় হয়েছে।<br>৩। উপজেলা প্রকৌশলী সভাকে আরও জানান যে, আনসার সদস্যদের আবাসন ভবন নির্মানে সংশোধিত অতিরিক্ত ব্যয় বাবদ ৪,০০,০০০/-(চার লক্ষ) টাকা উপজেলা রাজস্ব তহবিল অর্থায়নে ব্যয় করার প্রশাসনিক অনুমোদন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ৩১/১০/২০২১ তারিখের ৫৭৪ নং স্মারক মূলে পাওয়া গেছে। | আলোচ্য বিষয়ে উপজেলা প্রকৌশলী উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন নেয়া সাপেক্ষে ০৩টি কালভার্ট অপসারনের প্রাক্কলন অনুমোদন দেয়া হলো এবং উপজেলা প্রকৌশলী বিধিমতে কাজ বাস্তবায়ন করবেন।<br>২। আলোচ্য বিষয় বর্ণিত বিল উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। আলাচ্য বিষয়ে প্রশাসনিক অনুমোদন পাওয়ায় অতিরিক্ত ব্যয় বাবদ ৪,০০,০০০/-(চার লক্ষ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় ৫টি ইউনিয়ন পরিষদ নির্বাচন/২০২১ গত ১১ নভেম্বর সুষ্ঠু, সুন্দর, নিরপেক্ষভাবে শান্তিপুর্ন পরিবেশে সম্পন্ন হয়েছে। এই নির্বাচনে সকল স্তরের কর্মকর্তা/কর্মচারী, সাংবাদিকসহ অত্র উপজেলার জনগনের সার্বিক সহায়তায় নির্বাচনটি সফলভাবে সম্পন্ন হওয়ায় নির্বাচন কমিশনের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। নির্বাচন পরবর্তী সময়ে দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে। ২০১৯ সালের ভোটারদের স্মার্টকার্ড সপ্তাহের প্রতি বৃহস্পতিবার বিতরণ করা হচ্ছে। | উপজেলার ০৫টি ইউনিয়নে সুন্দর , সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠিত হওয়ায় উপজেলা নির্বাচন অফিসারকে আন্তরিক ধন্যবাদ জানানো হয়। | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভাকে জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে অত্র উপজেলায় ১৮-৩৫ বৎসরের বেকার যুবদের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪২০ জন। স্থানীয় চাহিদার ভিত্তিতে ৩০ জনের ব্যাচ ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ গ্রহনে ইচ্ছুক বেকার যুবদেরকে প্রতিটি ইউনিয়নে অন্তত ৩০ জনের ০২টি ব্যাচ প্রশিক্ষণ প্রদানের জন্য মনোনয়ন পূর্বক তালিকা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। ইতিমধ্যে নভেম্বর/২১ মাসে পর্যন্ত ৬টি ব্যাচে সর্বমোট ১৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>চলতি অর্থ বছরে অত্র উপজেলার যুব উন্নয়নের প্রশিক্ষিত প্রকল্প গ্রহনকারী যুবদের ৩০ জনকে যুব ঋণ প্রদানের লক্ষমাত্রা নির্ধারিত করা হয়েছে। নভেম্বর/২০২১ মাস পর্যন্ত ০৯ জনকে ঋণ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ২১ জনকে নির্ধারিত সময়ের মধ্যে ঋণ প্রদান করা হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার যুবদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে কর্মমুখী করার প্রয়োজনীয় সহায়তা করবেন এবং ঋণ বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভাকে জানান যে, কোভিড-১৯ করোনা ভাইরাসে আক্রান্তের হার আবারো বৃদ্ধি পাচ্ছে। এ পর্যন্ত ৪৮৫০৬ জন সুরক্ষা অ্যাপে রেজিস্ট্রেশন করছেন। হাসপাতালে জনবল অনেক কম। যারা ভ্যাকসিন নেন নাই তাদের রেজিস্ট্রেশন করতে হবে। ইউপি চেয়ারম্যানগণ উদ্দ্যোক্তাদের মাধ্যমে গ্রামের লোকজনদের সুরক্ষা অ্যাপে রেজিস্ট্রেশন করতে পারে। সবাইকে মাস্ক পরিধানসহ স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। | কোভিড-১৯ প্রতিরোধ সবাইকে ভ্যাকসিন নিতে হবে। গ্রামের মানুষগুলোকে ভ্যাকসিনের আওতায় আনতে ইউপি চেয়ারম্যানগণ উদ্যোক্তাদের মাধ্যমে তাদেরকে রেজিস্ট্রেশন করাবেন। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, নভেম্বর/২০২১ মাসে গবাদি প্রাণির টিকা প্রদান-২১৬০ মাত্রা, হাঁস মুরগীর টিকা প্রদান-১৬০০০ মাত্রা, গবাদি প্রাণির চিকিৎসা-১১৫৫টি, হাঁস মুরগীর চিকিৎসা-৭৭০০টি, ডিম উৎপাদন-১০৫০০টি, রাজস্ব আয়- ৫৯০০/-। একদিনের হাঁস/মুরগীর বাচ্চা বিতরন ১০০০টি , ঘাস উৎপাদন ৬০ শতক । আত্নকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র দূরীকরণ প্রকল্পের ছাগল, ভেড়া, হাঁস-মুরগীর ক্ষুদ্র ঋণ আদায়-ক্রমপুঞ্জি আদায় ৩,৯৯,৪৫০/-(তিন লক্ষ নিরান্নব্বই হাজার চারশত পঞ্চাশ) টাকা। | আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু তদারকিসহ গবাদি পশুর রোগ বালাই দমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন সংক্রান্ত জরিপ সমাপ্ত করা হয়েছে। এ পর্যন্ত অত্র উপজেলায় ৬৩৩ জন উপকারভোগীর এন্ট্রি করা হয়েছে। ভবিষ্যতে উনাদেরকে যাচাই বাছাই সাপেক্ষে প্রশিক্ষণ ও অনুদান প্রদান করা হবে। | তাঁর বিভাগের সকল কার্যক্রম বিধিমতে সকল ভাতা বিতরন কার্যক্রম বাস্তবায়ন করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | জনস্বাস্থ্য প্রকৌশল | জনস্বাস্থ্য সহকারি প্রকৌশলী সভাকে জানান যে, সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের অগভীর ৮৪টি ও গভীর ৭২টি টিউবওয়েলের কাজ প্রায় শেষ। ডিসেম্বরের মধ্যে সম্পূর্ণ কাজ শেষ হবে। হাওর প্রকল্পের আওতাধীন ৭৫টি গভীল সাবমারসীবল নলকূপের ৮০% শেষ এবং ডিসেম্বরের মধ্যে শতভাগ শেষ হবে। সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ১৫৬টি গভীর সাবমারসীবল নলকূপের বরাদ্দ এসেছে। এখনো বিভাজন হয়নি। | জনস্বাস্থ্য প্রকৌশলী তাঁর দপ্তরের কাজ বিধিমতে এবং সাইটসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক বাস্তবায়ন করবেন। | জনস্বাস্থ্য সহকারি প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | শিক্ষা বিভাগ | উপজেলা সহকারি শিক্ষা অফিসার সভাকে জানান যে, বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ে সীমিত আকারে স্বাস্থ্য বিধি মেনে ১ম শিফটে ১টি শ্রেণির ও ২য় শিফটে প্রতিদিন ৫ম শ্রেণির পাঠদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রাথমিক বিদ্যালয়গুলোতে আনুষ্ঠানিকভাবে বার্ষিক পরিক্ষা অনুষ্ঠিত হবেনা। তবে সারা বছরের বিভিন্ন কার্যক্রমের উপর ভিত্তি করে স্ব-স্ব বিদ্যালয়ে মূল্যায়ন করা হবে। ৬টি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণিকক্ষ সম্প্রসারণের কার্যক্রম বাস্তবায়ন হয়েছে। কার্যক্রম মনিটরিং করার জন্য ইউনিয়ন চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ জানানো হয়। প্রাথমিক বিদ্যালয়ে পাঠ্যপুস্তক সংরক্ষণ করার জন্য স্থানীয় ভাবে একটি গুদাম নির্মাণের ব্যবস্থা করার প্রস্তাব করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার স্কুলসমূহ প্রয়োজনীয় মনিটরিং করবেন এবং গুদাম ঘরের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রদান করবেন। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলায় পরিবার পরিকল্পনা বিভিন্ন পদ্ধতি গ্রহীতার ৭৫.১৩%। নভেম্বর/২১ মাসে বিভিন্ন পদ্ধতি গ্রহনকারী ২১৬১৩ জন। উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা-২৮৭৬৯ জন্য। খাবার বড়ি ১১৪০ জন, ইনজেকশন ৩৮৯ জন, কনডম ১৩৮ জন। ডেলীভারী ৭ জন। পরিবার পরিকল্পনা কার্যক্রমে সকলের সহযোগীতা কামনা করেন। | পরিবার পরিকল্পনার মান সন্তোষজনক পর্যায়ে রাখতে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় ২০২০-২১ অর্থ বছরে বিভাগীয় ১৪৭টি কার্যকর প্রাথমিক সমবায় সমিতি সমুহের বার্ষিক হিসাব নিরীক্ষা চলমান রয়েছে। বিভাগীয় ধার্যকৃত নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল ৯৫% আদায় করত: সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। অত্র উপজেলায় সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিগত ১৮/১১/২০২১ খ্রি: তারিখে ৭৫টি সমিতির গ্রামকর্মী ও সদস্যদের সমন্বয়ে বার্ষিক যৌথসভা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা সমবায় অফিসার বিধিমতে তার দপ্তরের কার্যাদি সম্পাদন করবেন। | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | বন বিভাগ | ফরেস্টার, উপজেলা বন বিভাগ সভাকে জানান যে, মেঘারগাও মৌজার ৪০১ দাগে ২০২০-২১ সালে ১০.০ হে: মূর্তা বাগান সৃজন করা হয়েছে। উক্ত দাগে ছোট একটি বিল রয়েছে। যাহা মাইনকা বিল নামে পরিচিত। পূর্বে গ্রুপ ফিসারীতে ইজারা দেওয়া হইত। বর্তমানে ইহা আমাদের বাগানের ভিতর অবস্থিত। তাই যারা আমাদের উপকারভোগী তারাই এই বিলটি ভোগ করিবে। এই মর্মে উপকারভোগীদের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। তাই গ্রুপ ফিসারী হতে মাইনকা বিলটিকে বাদ দেয়ার জন্য অনুরোধ করা হলো। | আলোচ্য বিষয়ে উপজেলা বন কর্মকর্তা আগামী সভায় একটি প্রতিবেদন উপস্থাপন করবেন। | ফরেস্টার, উপজেলা বন বিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলার ০৫টি ইউনিয়ন পরিষদ নির্বাচন সুন্দর, সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হওয়ায় উপজেলার সর্বস্তরের মানুষকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। মহান বিজয় দিবস উদযাপনে সকলের সহযোগীতা ও অংশগ্রহণ একান্তভাবে কামনা করেন। আজকের এই মাসিক সভায় অনেক কর্মকর্তা অনুপস্থিত রয়েছেন যা কাম্য নয়। উপজেলা পরিষদের মাসিক সভায় সভায় উপস্থিত থাকার জন্য আবারও অনুরোধ করা হলো। কেউ যদি অনুপস্থিত থাকেন তাহলে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণ করা হবে। | শান্তিপূর্ন নির্বাচন অনুষ্ঠিত হওয়ায় উপজেলাবাসীকে ধন্যবাদ জানানো হয়। উপজেলা পরিষদের মাসিক সভার কোন সদস্য সভায় অনুপস্থিত থাকলে তার বিরোদ্ধে উর্ধ্বতন কর্তপক্ষ বরাবরে পত্র প্রেরণ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | বিবিধ-২ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় স্থানান্তর করার নিমিত্তে উপজেলা কৃষি অফিসার তার অধিনে থাকা একটি রুম ০৭ দিনের মধ্যে খালি করার অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | বিবিধ-৩ | ভাইস চেয়ারম্যান (মহিলা) সভাকে জানান যে, দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য তাঁর কোন অফিস কক্ষ নেই। উপজেলা পরিষদ ম্যানুয়েলে উল্লেখ রয়েছে যে, উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা)কে বাথরুমযুক্ত একটি রুম বরাদ্দ দেয়ার জন্য। উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) বাথরুমসহ একটি অফিস কক্ষের জন্য সভায় আবারো অনুরোধ করেন। | উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) এর জন্য বাথরুমসহ একটি অফিস কক্ষের ব্যবস্থা নিশ্চিত করার নিমিত্ত উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



[signature]

শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

তারিখঃ ৩০ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ।

স্মারক নং-০৫.৬০.৯১২৭.০০৫.৩৫.০০২-১১- ১১৬১(৪৫)

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে।

১। জনাব ইমরান আহমদ এমপি, সিলেট-৪ ও মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৭। জেলা........................................অফিসার, সিলেট।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৯। চেয়ারম্যান..............................ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কোম্পানীগঞ্জ, সিলেট। (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হল)
১১।...............................................কোম্পানীগঞ্জ, সিলেট।

৩০.১১.'২১

মুসা নাসের চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
কোম্পানীগঞ্জ, সিলেট।

উপস্থিত সদস্য: উপস্থিতির ক্রমানুসারে। পরিশিষ্ট 'ক'

| নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মো: ফরিদ উদ্দিন | চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউপি, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ০২ | ডা: মো: কামরুজ্জামান | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | জনাব শাহ আলম | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | জনাব মো: আ: রাজ্জাক | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | ডা: মো: শরীফুল আলম | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | জনাব মো: জহিরুল হক | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | জনাব মো: ইকবাল হোসেন আবিদ | ভাইস-চেয়ারম্যান, ইউসিসিএ লি: , কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | জনাব জনি রঞ্জন দে | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | জনাব মোঃ বদিউজ্জামান আহমদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | জনাব মো: জসিম উদ্দিন | বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | জনাব বিদ্যুৎ কান্তি দাস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | জনাব মো: আজিজুল হক | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | জনাব মোঃ আব্দুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | জনাব মাকসুদা ইয়াসমিন | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | জনাব জিবুন্নাহার বেগম | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | জনাব মো: পারভেজ খান | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ১৭ | জনাব মো: বাবুল মিয়া | চেয়ারম্যান, ইসলামপুর পূর্ব ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | জনাব শাহ মো: জামাল উদ্দিন | চেয়ারম্যান, ১ নং পশ্চিম ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | জনাব মো: সিদ্দিকুর রহমান | চেয়ারম্যান, দক্ষিন রণিখাই ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২০ | জনাব আয়শা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | জনাব মো: মিজানুর রহমান | আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভা: প্রা:), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২২ | কাজী আ: অদুদ আলফু মিয়া | চেয়ারম্যান, তেলিখাল ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |

পরিশিষ্ট 'খ' অনুপস্থিতঃ

১। চেয়ারম্যান, ইছাকলস ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (অ:দা), কোম্পানীগঞ্জ, সিলেট।
৩। উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
৫।উপজেলা সমন্বয়কারী, আবাআখা, কোম্পানীগঞ্জ, সিলেট।
৬।ডেপুটি জেনারেল ম্যানাজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২
৭।উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।

# উপজেলা পরিষদের ৩১তম সভা

তারিখ:- ৩০/১১/২০২১ইং

সময়:-

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মো: [illegible] উদ্দিন | চেয়ারম্যান উ: পরিষদ | [signature] |
| ০২ | ডা: মো: কামরুজ্জামান | UHSFPO | [signature] |
| ০৩ | মো: [illegible] আলম | UE Companiganj | [signature] |
| ০৪ | মো: আ: রাজ্জাক | উপজেলা কৃষি অফিসার | [signature] |
| ০৫ | ডা: মো: শরীফুল আলম | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | [signature] |
| ০৬ | মো: জহিরুল হক | উপজেলা শিক্ষা অফিসার | [signature] |
| ০৭ | মো: ইকবাল হোসাইন আবেদ | UCCA [illegible] কোম্পানীগঞ্জ | [signature] |
| ০৮ | [illegible] | USSO | [signature] |
| ০৯ | মো: [illegible] | U.SEO | [signature] |
| ১০. | মো: [illegible] | [illegible] | [signature] |
| ১১ | [illegible] | UPIO, কোম্পানীগঞ্জ | [signature] |
| ১২ | মো: [illegible] হক | UCO, কোম্পানীগঞ্জ | [signature] |
| ১৩ | মো: আব্দুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | [signature] |
| ১৪ | [illegible] | UFPO কোম্পানীগঞ্জ | [signature] |
| ১৫ | [illegible] | UEO, কোম্পানীগঞ্জ | [signature] |
| ১৬ | মো: [illegible] খান | UPEE, Companiganj DPHE | [signature] 30.11.21 |
| ১৭ | [illegible] | [illegible] | [signature] |
| ১৮ | [illegible] | | [signature] |
| ১৯ | [illegible] | | |
| ২০ | মো: [illegible] | ভাইস চেয়ারম্যান [illegible] | [signature] |
| ২১ | [illegible] | | [signature] |
| ২২ | আয়েশা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান | [signature] |
| ২৩ | মো: [illegible] | [illegible] অফিসার | [signature] |
| ২৪ | [illegible] | চেয়ারম্যান [illegible] ইউপি | [signature] |
| ২৫ | | | |
| ২৬ | | | |
| ২৭ | | | |